



বাংলা বিভাগ অ্যালামনাই

রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রধান কার্যালয় : কক্ষ ১৪৬, শহীদুল্লাহ কলাভবন, বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

সূত্র:

তারিখ:

লেখা আহ্বান

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ অ্যালামনাই 'রাজশাহী বিশ্ববিদ্যালয় বাংলা বিভাগের ইতিহাস' রচনার পরিকল্পনা হাতে নিয়েছে। (অ্যালামনাইয়ের ২৭ জানুয়ারি ২০২৩ তারিখের যৌথসভার প্রস্তাব মোতাবেক) এতে নিম্নোক্ত বিষয় নিয়ে তথ্যসমৃদ্ধ লেখা চাই। পরিকল্পিত বিষয়-শিরোনাম নিম্নরূপ :

- ক) বাংলা বিভাগের জন্ম-কথা
- খ) বাংলা বিভাগের কারিকুলামের ধারাক্রমের বিবরণ ও পর্যালোচনার সংকেত
- গ) বাংলা বিভাগ ও ষাটের দশক
- ঘ) বাংলা বিভাগ ও মুক্তিযুদ্ধ
- ঙ) মুক্তিযুদ্ধ-পূর্ব ও পরবর্তী সময়ে বাংলা বিভাগের বুদ্ধিবৃত্তিক ভূমিকা
- চ) সত্তর বছরের মুখে বাংলা বিভাগের সম্ভাব্য পরিকল্পনা
- ছ) বাংলা গবেষণা সংসদ
- জ) 'সাহিত্যিকী'র সূচি-ইতিহাস ও পর্যালোচনা
- ঝ) শিক্ষাতিরিক্ত কার্যক্রমে বাংলা বিভাগ
- ঞ) প্রতিষ্ঠাতা সভাপতি ড. মুহম্মদ শহীদুল্লাহ
- ট) ড. এনামুল হক ও বাংলা বিভাগ
- ঠ) ড. মমতাজুল ইসলাম ও বাংলা বিভাগ

লেখা অবশ্যই তথ্য-প্রামাণ্যভিত্তিক ও বুদ্ধিবৃত্তিক চেতনাসম্পন্ন হতে হবে। [ক থেকে ট] অংশে একই বিষয়ে দুটোর বেশি লেখা মুদ্রিত হবে না। সেক্ষেত্রে লেখার গুণ-মান নির্ধারণে সম্পাদনা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত। প্রয়োজনে ০১৭১৫ ৩১৯৩৬২ নম্বরে কথা বলে অগ্রহীণ লেখার বিষয় নির্বাচন করতে পারবেন। প্রসঙ্গত, অ্যালামনাইয়ের সদস্য কিংবা বাংলা বিভাগের শিক্ষার্থী না-হলেও পছন্দমতো বিষয়-নির্বাচন [অবশ্যই ক থেকে ট পর্যন্ত] করে বা নির্ধারিত ফোনে আলাপ করে অগ্রহী যেকেউ লেখা তৈরি করতে পারবেন।

উপর্যুক্ত বিষয়ের বাইরে গ্রন্থ-নির্মাণের সময় সম্পাদকমণ্ডলী-কর্তৃক সকল কর্মরত শিক্ষক, পিএইচ.ডি. অর্জনকারী ও কৃতবিদ্য অধ্যাপকদের প্রণীত জরুরি গ্রন্থাদির নাম, প্রকাশ-বিবরণী ও সার-সংক্ষেপ এবং জাতীয় বা আন্তর্জাতিক ক্ষেত্রে অবদানের তথ্য পরিশিষ্টে সংযুক্ত করা হবে।

লেখা প্রদানের সময়সীমা : ৩১ ডিসেম্বর ২০২৩, লেখার পরিসর ৪০০০ শব্দের বেশি হবে না।

লেখা ফুলস্কেপ সাইজের কাগজে সুতর্ন্বী এমজে ১৪ ফন্টে কম্পোজ করে শহীদ ইকবাল, বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয় বরাবর হার্ডকপি বা shiqbal70@gmail.com এ সফট কপি পাঠাতে হবে।

প্রসঙ্গত স্মর্তব্য, নির্ধারিত বিষয়ের বাইরে কোনো লেখা গৃহীত হবে না। লেখায় পুনরাবৃত্তিমূলক আবেগধর্মী বা আত্মস্মৃতিকথামূলক আলাপচারিতার অন্তর্ভবন নিরুৎসাহিত করা হচ্ছে।

আসুন আমরা একটি পরিচ্ছন্ন ও রুচিশীল ধ্রুপদী-গ্রন্থের কাজের অংশীদার হই।

স্বা/ ৩/৬/২৩
সভাপতি

স্বা/ ৩/৬/২৩
সাধারণ সম্পাদক

যোগাযোগ : ০১৭১৮-০০১৮১৭, ০১৯১৪-২৫৪১৭৯, ০১৭১৮-০৫৬৭৬৭
ই-মেইল : aapelabdullah@gmail.com, anikmahmud146@gmail.com
সকল হালনাগাদ তথ্যের জন্য ভিজিট করুন ওয়েব সাইটঃ www.bangldeptalumdiru.org